BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ৯৬৪	তারিখঃ ২৪ মে, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, মনিটরিং ও বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ'র পক্ষ থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নথি নং-টিএম/শিপিং/মিটিং/২০২৬/১৩২৫ তারিখঃ ২৪/০৫/২০২৬ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আসন্ন ঈদ-উল-আযহার ছুটি কালীন সময়ে (ঈদের দিন এক শিফট ব্যতিত) চট্টগ্রাম বন্দরের সকল ধরনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন, মনিটরিং ও বন্দরের সাথে কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে বিজিএমইএ'র পক্ষ থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাদেরকে মনোনয়ন প্রদান করা হয়েছে।

ক) নাম ঃ জনাব শাহ আলম
পদবী ঃ সহকারী সচিব
মোবাইল নম্বর ঃ ০১৮১৯১৮০০৬১
ই-মেইল ঃ info@bgmeacty.org

খ) নাম ঃ জনাব এস. এম. শামসুল আরেফিন
পদবী ঃ নির্বাহী
মোবাইল নম্বর ঃ ০১৭৮০৭২২৯২৮, ০১৫১৫৬৮২৪৭৭
ই-মেইল ঃ info@bgmeacty.org

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২৪/৫/২৬

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**টার্মিনাল ম্যানেজার এর দপ্তর**

বিষয়ঃ- আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৬ ইং উপলক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে ২৪/৭ কাস্টম, হাউস চট্টগ্রাম কর্তৃক আমদানী ও রপ্তানীকৃত কন্টেইনারের শুল্কায়ন এবং ২৪x৭ চট্টগ্রাম বন্দরের কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম পরিচালনার স্বার্থে সচিব, চবক এর দপ্তরাদেশ নামা নং ৭৫/২০২৬, তারিখ-১১/০৫/২০২৬ ইং অনুযায়ী গঠিত Task Force-2 এর আহবায়ক,জনাব গোলাম মোঃ সারওয়ারুল ইসলাম, টার্মিনাল ম্যানেজার, চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | টার্মিনাল ম্যানেজার, চবক। |
| স্থান | ঃ | টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তর। |
| তারিখ | ঃ | ২৪/০৫/২০২৬ ইং। |
| সময় | ঃ | ১৫:৩০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | সংযুক্তি 'ক' তালিকা মোতাবেক। |

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আসন্ন পবিত্র ঈদ-উল-আযাহা /২০২৬ ইং এর ছুটির দিন গুলোতে নিরবচ্ছিন্নভাবে অপারেশনাল কার্যক্রমত চালু রেখে বন্দরের Productivity বজায় রাখার উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৬ইং উপলক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে ২৪/৭ কাস্টম, হাউস চট্টগ্রাম কর্তৃক আমদানী ও রপ্তানীকৃত কন্টেইনারের শুল্কায়ন এবং ২৪/৭ চট্টগ্রাম বন্দরের কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম পরিচালনার স্বার্থে সচিব, চবক এর দপ্তরাদেশ নামা নং ৭৫/২০২৬, তারিখ -১১/০৫/২০২৬ ইং অনুযায়ী গঠিত Task Force-2গঠিত হয়। তিনি উপস্থিত সদস্যদের দৃষ্টি আর্কষণ করে জানান যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৬উপলক্ষ্যে অত্র দপ্তর হতে ইতোমধ্যে অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে । বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় ঃ

১। পবিত্র ঈদ-উল-আযহার দিন সকাল ০৮:০০ ঘটিকা থেকে বিকাল ১৬:০০ ঘটিকা পর্যন্ত ছুটি পালিত হবে। তৎপরবর্তী সময় বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান থাকবে।

২। পবিত্র ঈদ-উল-আযহার পূর্ববর্তী এবং পরবর্তী ছুটির দিনগুলোতে টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ পর্যাপ্ত সংখ্যক শ্রমিক, কর্মচারী ও ট্রেইলার অপারেটর বুকিং রাখবে।

৩। পবিত্র ঈদ-উল-আযহা এর দিন কন্টেইনার হ্যান্ডলিং এর কাজে নিয়োজিত সকল ট্রেইলার বন্ধ থাকবে সে প্রেক্ষিতে জিসিবি ও সিসিটি / এনসিটি এলাকায় জাহাজের কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম চালু রাখার জন্য ০৬(ছয়) টি 2H SC ষ্টান্ডবাই রাখতে হবে। সিসিটি /এনসিটি এলাকায় সাইফ পাওয়ারটেক লিঃ বিষয়টি নিশ্চিত করবে । জিসিবি তে চবক এর যান্ত্রিক বিভাগ ইয়ার্ড ভিত্তিক অপারেটরসহ পর্যাপ্ত ইক্যুইপমেন্ট সরবরাহ করবে।

৪। পবিত্র ঈদ-উল-আযহার আগে ও পরে বন্দর অভ্যন্তর হতে আমদানিকৃত ডিপো কন্টেইনার স্থানান্তর প্রক্রিয়া স্বাভাবিক রেখে বন্দরকে যানজট মুক্ত এবং জাহাজের Turn Around Time স্বাভাবিক রাখার জন্য অফডকসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইক্যুইপমেন্ট সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে যান্ত্রিক বিভাগ,CDDL এবং সাইফ পাওয়ারটেক লিঃ তা সমাধান করবে এবং মনিটরিং করবে।

৫। পবিত্র ঈদ-উল-আযহার আগে ও পরে নিরবচ্ছিন্নভাবে অপারেশন এবং ডেলিভারী কার্যক্রম পরিচালনা এবং রপ্তানিকৃত কন্টেইনার জাহাজীকরণের জন্য পর্যাপ্ত সংখ্যক অপারেটর, শ্রমিক, কর্মকর্তা/কর্মচারী বুকিং এর বিষয়টি টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ নিশ্চিত করবে।

৬। বন্দর অভ্যন্তরস্থ টার্মিনাল ভবনের নীচতলায় অবস্হিত জনতা ব্যাংক ও ওয়ান ব্যাংকের বুথ, কাস্টম হাউজে স্থিত সোনালী ব্যাংক ও শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা হলো ।

৭। টার্মিনাল অপারেটর CDDL এবং সাইফ পাওয়ারটেক সিসিটি/ এনসিটি এলাকায় সমস্ত কন্টেইনার মুখ জ্যাম করে রাখার ব্যাপারে সচেষ্ট হবেন। এ ব্যাপারে টার্মিনাল অপারেটর CDDL এবং সাইফ পাওয়ারটেকের ইক্যুইপমেন্ট অপারেটরগন বিষয়টি নিশ্চিত করবেন এবং সাথে সাথে TOS এ Update নিশ্চিত করতে হবে। জিসিবিতে যান্ত্রিক বিভাগের অপারেটরগণ কন্টেইনারের মুখজ্যাম করে রাখবেন।

ক্রমশঃপাতা-২

CS CamScanner

৮। পবিত্র ঈদ-উল-আযহার আগে ও পরে ডেলিভারী সম্পন্ন হওয়ার পর খালি কন্টেইনারের দরজা বন্ধ করে রাখতে হবে। সিসিটি/এনসিটি এলাকায় টার্মিনাল অপারেটর CDDL, সাইফ পাওয়ারটেক লিঃ এবং জিসিবি এলাকার খালি কন্টেইনার হ্যান্ডলিং ঠিকাদার এভারেস্ট পোর্ট সার্ভিসেস লিঃ বিষয়টি নিশ্চিত করবেন।

৯। অপারেশন সংক্রান্ত কোন জটিলতার উদ্ভব হলে নিম্নে উল্লেখিত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে ঃ

ক। কাস্টমস সংক্রান্ত বিষয়ে জনাব পিয়াল দত্ত, এ্যাসিসটেন্ট কমিশনার অব কাস্টমস, মোবাইল নম্বর ০১৫২১-৪৮৮১৬৪

খ। ডিও সংক্রান্ত বিষয়ে শিপিং এজেন্ট এসোসিয়েশনের কর্মকর্তা জনাব মোঃ শাহিন, মোবাইল নম্বর ০১৭১৪-৩০৭১০৯

গ। বন্দরের যান্ত্রিক সংক্রান্ত বিষয়ে নির্বাহী প্রকৌশলী জনাব কিশোর কান্তি দাস, মোবাইল নম্বর ০১৮১৮-৩৫৮১৪৩

ঘ। বন্দরের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে নিরাপত্তা কর্মকর্তা জনাব আনিসুর রহমান, মোবাইল নম্বর ০১৫৫০-০০৫৩০০

ঙ। সামগ্রিক অপারেশনাল বিষয়ে অন ডিউটি টার্মিনাল অফিসার মোবাইল নম্বর ০১৮৪০-৮১৬৫৫৬

অতঃপর টার্মিনাল ম্যানেজার, চবক আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার আগে এবং পরে পণ্যের সাপ্লাই চেইন নিরবচ্ছিন্ন রাখা এবং চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষের সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল-আযহার আগাম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ)
পক্ষে-টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-টিএম/শিপিং/মিটিং/২০২৬/১৩২৫

তারিখঃ- ২৪/০৫/২০২৬ইং

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। প্লান্ট ম্যানেজার, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক,চট্টগ্রাম কাষ্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৪ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, ষ্টক এক্সচেঞ্জ বিল্ডিং, ১০৮০, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচ টাওয়ার, বাদামতলী মোড়, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার, ১৭২৮, আগ্রাবাদ বা/এ চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১১। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (১০ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১২। পিএস টু চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
১৩। টার্মিনাল অপারেটর এবং সকল বার্থ অপারেটর এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ)
পক্ষে-টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

[illegible]
[illegible]
চট্টগ্রাম বন্দর কর্তৃ[illegible]

CamScanner